

# 💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২২৭৮

১২/ ব্যবসা-বাণিজ্য (كتاب التجارات)

পরিচ্ছেদঃ ১২/৫৮. সুদ সম্পর্কে কঠোর বাণী

بَابِ التَّغْلِيظِ فِي الرِّبَا

### আরবী

حَدَّثَنَا عَبْدُ اللَّهِ بْنُ سَعِيدٍ، حَدَّثَنَا إِسْمَاعِيلُ ابْنُ عُلَيَّةَ، حَدَّثَنَا دَاوُدُ بْنُ أَبِي هِنْدٍ، عَنْ سَعِيدِ بُنِ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ "بْنِ أَبِي خَيْرَةَ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللَّهِ ـ صلى الله عليه وسلم ـ "لَيَأْتِينَّ عَلَى النَّاسِ زَمَانٌ لاَ يَبْقَى مِنْهُمْ أَحَدٌ إِلاَّ أَكَلَ الرِّبَا فَمَنْ لَمْ يَأْكُلْ أَصَابَهُ مِنْ غُبُارِهِ " .

#### বাংলা

৬/২২৭৮। আবৃ হুরায়রা (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ অবশ্যই মানুষ এমন এক যুগের সম্মুখীন হবে যখন তাদের মধ্যে এমন একজনও পাওয়া যাবে না যে সূদখোর নয়। সে সূদ না খেলেও তার ধুলোবালি (মলিনতা) তাকে স্পর্শ করবে।

## **English**

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said: "There will come a time when there will be no one left who does not consume usury (interest), and whoever does not consume it will nevertheless be affected by it."

### ফুটনোট

নাসায়ী ৪৪৫৫, আবূ দাউদ ৩৩৩১, মিশকাত ২৮১৮, আত-তালীকুর রাগীব ৩/৫৩। আর-রাদু আলাল বালীক ৩৩০।

তাহকীক আলবানীঃ যইফ। উক্ত হাদিসের রাবী সাঈদ বিন আবু খায়রাহ সম্পর্কে ইবনু হিব্বান ছাড়া কেউ তাকে সিকাহ বলেননি। এই হাদিসটি ব্যাতিত তার সম্পর্কে অন্য কোথাও জানা যায় না। এছাড়াও সানাদের হাসান আল-



বুসায়রী তিনি আবু হুরায়রাহ (রাঃ) থেকে হাদিস শ্রবন করেননি। (তাহযীবুল কামালঃ রাবী নং ২২৬৩, ১০/৪১৬ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন